19 OCT 2016
পৃষ্ঠা ৩-১৬ কলাম ৭

সংবাদ

# এমপিওভুক্ত হচ্ছেন ১৮ হাজার ২৮৩ শিক্ষক

নিজস্ব বার্তা পরিবেশক

দীর্ঘদিন বঞ্চিত থাকা আইসিটি, বিজ্ঞান ও চারুকলা বিষয়ে ১৮ হাজার ২৮৩ জন শিক্ষককে এমপিওভুক্তির সিদ্ধান্ত নেয়া হয়েছে। তাদের এমপিওভুক্তির জন্য অর্থ মন্ত্রণালয়ে কাছে অতিরিক্ত ১৪৩ কোটি ১৭ লাখ ১৫ হাজার টাকা চেয়েছে শিক্ষা মন্ত্রণালয়ে।

এ ব্যাপারে অর্থ বরাদ্দ চেয়ে গত সপ্তাহে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের সিনিয়র সচিবের কাছে শিক্ষা মন্ত্রণালয়ের উপ-সচিব নুসরাত জাবীন বানু স্বাক্ষরিত একটি চিঠি পাঠানো হয়েছে বলে জানা গেছে।

ওই চিঠিতে বলা হয়েছে, নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে শিক্ষার গুণগত মান ১৮ হাজার : পৃষ্ঠা : ২ক : ৭

## ১৮ হাজার : শিক্ষক

(১৬ পৃষ্ঠার পর)

উন্নয়ন এবং ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে আইসিটি বিষয়কে আবশ্যিক বিষয় হিসেবে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। পাশাপাশি এটি সাধারণ শিক্ষা ও মাদ্রাসা শিক্ষাসহ সব শিক্ষা প্রতিষ্ঠানেই আবশ্যিক বিষয় হিসেবে অন্তর্ভুক্ত হবে। এজন্য পাঁচ হাজার ৭২ জন আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) শিক্ষকের এমপিওভুক্তিতে এক বছরে আর্থিক সংশ্লেষ মোট ১১০ কোটি ৫৬ লাখ ৯৬ হাজার টাকা প্রয়োজন হবে বলে চিঠিতে উল্লেখ করা হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয় চারুকলা বিষয়কে ৬ষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত বাধ্যতামূলক করেছে। সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে এ বিষয়ে মোট ১২ হাজার ৭৭৫ জন শিক্ষক নিয়োগ পেলেও তারা এমপিওভুক্তি থেকে বঞ্চিত রয়েছেন। এখন তাদের এমপিওভুক্তির সিদ্ধান্ত নেয়া হয়েছে। এ বিষয়ের শিক্ষকদের এমপিওভুক্তির জন্য অর্থ মন্ত্রণালয়ের কাছে ২৭ কোটি ৮৪ লাখ ৯৫ হাজার টাকা চেয়েছে শিক্ষা মন্ত্রণালয়।

এছাড়াও একই চিঠিতে বিজ্ঞান বিষয়ে মোট ২১৮ জন শিক্ষকের এমপিওভুক্তির জন্য অর্থ মন্ত্রণালয়ের কাছে বার্ষিক ভিত্তিতে মোট চার কোটি ৭৫ লাখ ২৪ হাজার টাকা চেয়েছে শিক্ষা মন্ত্রণালয়।